# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৭১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৮. কুলি করা ও নাক পরিষ্কার করা এবং উযুর প্রারম্ভে উভয়টি সম্পূর্ণ করার বিষয়ে উৎসাহ প্রদান

بَابُ مَا رُوِيَ فِي الْحَثِّ عَلَى الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ وَالْبَدَاءَةِ بِهِمَا أَوَّلَ الْوُضُوءِ

আরবী

ثَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ بْنِ مُحَمَّدِ بْنِ حَاتِمٍ ، وَمُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ الْمُقْرِي النَّقَّاشُ ، قَالَا : نَا مُحَمَّدُ بْنُ حِمِّ بْنِ يُوسُفَ التِّرْمِذِيُّ ، نَا إِسْمَاعِيلُ بْنُ بِشْرٍ الْبَلْخِيُّ ، نَا عِصَامُ بْنُ يُوسُفَ ، بِهَذَا الْإِسْنَادِ نَحْوَهُ ؛ إِلَّا أَنَّهُ قَالَ : " مِنَ الْوُضُوءِ الَّذِي لَا يَتِمُّ الْوُضُوءُ إِلَّا بِهِمَا " . تَفَرَّدَ بِهِ عِصَامٌ ، عَنِ ابْنِ الْمُبَارَكِ ، وَوَهِمَ فِيهِ ، وَالصَّوَابُ : عَنِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ سُلَيْمَانَ بْنِ مُوسَى مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " مَنْ تَوَضَّأَ فَلْيَتَمَضْمَضْ ، وَلْيَسْتَنْشِقْ " . وَأَحْسَبُ عِصَامًا حَدَّثَ بِهِ مِنْ حِفْظِهِ فَاخْتَلَطَ عَلَيْهِ ، وَاشْتَبَهَ بِإِسْنَادِ حَدِيثِ ابْنِ جُرَيْجٍ ، عَنْ سُلَيْمَانَ بْنِ مُوسَى ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، قَالَ : " أَيُّمَا امْرَأَةٍ نُكِحَتْ بِغَيْرِ إِذْنِ وَلِيِّهَا فَنِكَاحُهَا بَاطِلٌ " . وَاللَّهُ أَعْلَمُ

বাংলা

২৭১(২). মুহাম্মাদ ইবনুল হুসাইন ইবনে মুহাম্মদ ইবনে হাতেম (রহঃ) ... ইসাম ইবনে ইউসুফ (রহঃ) থেকে এই সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণিত। তবে এই সূত্রে তিনি বলেন, কুলি করা ও নাক পরিষ্কার করা ব্যতীত উযু পরিপূর্ণ হয় না।

ইবনুল মুবারক থেকে কেবল ইসামই হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি এই হাদীসে সন্দেহে পতিত হয়েছেন। সঠিক হলো- ইবনে জুরাইজ-সুলাইমান ইবনে মূসা-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে হাদীসটি মুরসালরূপে বর্ণিতঃ কোন ব্যক্তি উযু করলে সে যেন কুলি করে ও নাকে পানি দিয়ে তা পরিষ্কার করে।

রাবী বলেন, আমার ধারণা যে, ইসাম তার স্মৃতি (হিফজ) থেকে হাদীসটি বর্ণনা করতে গিয়ে তালগোল পাকিয়ে ফেলেছেন। তিনি সন্দেহমূলকভাবে ইবনে জুরাইজের নিম্নোক্ত হাদীসের সনদ বর্ণনা করেছেনঃ সুলায়মান-যুহরী-উরওয়া-আয়েশা (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ কোন মহিলা তার অভিভাবকের সম্মতি ব্যতীত

বিবাহ করলে তার সেই বিবাহ বাতিল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইসাম ইবনে ইউসুফ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80060

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন